3 The Board of Directors of the Company, at its meeting held on May 09, 2022 recommended final dividend of INR 5 per equity share (par value of INR 1 each) in accordance with section 123 of the Companies Act, 2013 to the extent it applies to declaration of dividend. This payment is subject to approval of shareholders at the ensuing Annual General Meeting (AGM) of the Company.

For **Vedant Fashions Limited**
**Sd/-**
**Ravi Modi**
**Chairman and Managing Director**
**DIN : 00361853**

Place: Kolkata
Date: May 09, 2022



**ব্যাণ্ডেল-শক্তিগড় শাখায় প্রি-এনআই ও এনআই কাজ**

Azadi Ka Amrit Mahotsav

ব্যাণ্ডেল-শক্তিগড় সেকশনে ব্যাণ্ডেল ও মগরা স্টেশনের মধ্যে ৩য় লাইন চালু করার জন্য, ব্যাণ্ডেল ও আদিসপ্তগ্রাম স্টেশনে ১৩.০৫.২০২২ (শুক্রবার) থেকে ২৬.০৫.২০২২ (বৃহস্পতিবার) পর্যন্ত ০৪ দিনের প্রি-এনআই ও ১০ দিনের এনআই কাজ এবং সেই কারণে প্রত্যহ ০৩ ঘন্টা (সকাল ১১টা থেকে দুপুর ৩টা পর্যন্ত) থেকে ৪ ঘন্টা (সকাল ১১টা থেকে দুপুর ৩টা পর্যন্ত) সময়কালের জন্য পাওয়ার ও ট্রাফিক ব্লকের প্রয়োজন হবে। তদানুযায়ী, ট্রেন চলাচলে নিম্নলিখিত ব্যবস্থাগুলি নেওয়া হয়েছে ঃ- ● **ক. ইএমইউ লোকাল ট্রেন বাতিল ঃ হাওড়া-ব্যাণ্ডেল লোকাল ঃ** ৩৭২৩১, ৩৭২৩৩ (রবিবার), ৩৭২৩৫, ৩৭২৩৭, ৩৭২৩৯, ৩৭২৪১, ৩৭২৪৩, ৩৭২৪৫, ৩৭২৪৭, ৩৭২৪৯, ৩৭২৫১ (১৩.০৫.২০২২ থেকে ২৬.০৫.২০২২ তারিখ পর্যন্ত)। ৩৭২৪৫, ৩৭২৫৩, ৩৭২৫৫, ৩৭২৬৫, ৩৭২৭৫, ৩৭২৭৩ ও ৩৭২৭৯ (২৬.০৫.২০২২ তারিখে অতিরিক্ত বাতিল)। **ব্যাণ্ডেল-হাওড়া লোকাল ঃ** ৩৭২৪২, ৩৭২৪৪, ৩৭২৪৬, ৩৭২৪৮, ৩৭২৫০, ৩৭২৫২ ও ৩৭২৫৪, ৩৭২৬২, ৩৭২৬৬, ৩৭২৭২ (১৩.০৫.২০২২ থেকে ২৬.০৫.২০২২ তারিখ পর্যন্ত)। ৩৭২৫৬, ৩৭২৬০, ৩৭২৭৪, ৩৭২৭৬, ৩৭২৮৪, ৩৭২৮৬ ও ৩৭২৯০ (২৬.০৫.২০২২ তারিখে অতিরিক্ত বাতিল)। **ব্যাণ্ডেল-বালি লোকাল ঃ** ৩৭৫১২ (২৬.০৫.২০২২ তারিখে অতিরিক্ত বাতিল)। **বালি-ব্যাণ্ডেল লোকাল ঃ** ৩৭৫১১ (২৬.০৫.২০২২ তারিখে অতিরিক্ত বাতিল)। **হাওড়া-মেমারি লোকাল ঃ** ৩৭৬৫৫ (১৩.০৫.২০২২ থেকে ২৬.০৫.২০২২ তারিখ পর্যন্ত, ২৫.০৫.২০২২ ব্যতিরেকে)। ৩৭৬৫১ ও ৩৭৬৫৫ (২৫.০৫.২০২২ তারিখে অতিরিক্ত বাতিল)। **মেমারি-হাওড়া লোকাল ঃ** ৩৭৬৫২ (১৩.০৫.২০২২ থেকে ২৬.০৫.২০২২ তারিখ পর্যন্ত, ২৫.০৫.২০২২ ব্যতিরেকে)। ৩৭৬৫২ ও ৩৭৬৫৬ (২৫.০৫.২০২২ তারিখে অতিরিক্ত বাতিল)। **হাওড়া-বর্ধমান লোকাল ঃ** ৩৭৮২৫, ৩৭৮২৭ ও ৩৭৮২৯ (১৩.০৫.২০২২ থেকে ২৬.০৫.২০২২ তারিখ পর্যন্ত)। **বর্ধমান-হাওড়া লোকাল ঃ** ৩৭৮৩২, ৩৭৮৩৪ ও ৩৭৮৩৬ (১৩.০৫.২০২২ থেকে ২৬.০৫.২০২২ তারিখ পর্যন্ত)। ৩৭৮৩৮ ও ৩৭৮৪০ (২৫.০৫.২০২২ তারিখে অতিরিক্ত বাতিল)। **হাওড়া-কাটোয়া লোকাল ঃ** ৩৭৯১৫ ও ৩৭৯১৭ (১৩.০৫.২০২২ থেকে ২৬.০৫.২০২২ তারিখ পর্যন্ত)। **কাটোয়া-হাওড়া লোকাল ঃ** ৩৭৯২২ (১৩.০৫.২০২২ থেকে ২৬.০৫.২০২২ তারিখ পর্যন্ত)। **ব্যাণ্ডেল-কাটোয়া লোকাল ঃ** ৩৭৭৪৯ ও ৩৭৭৫১ (১৩.০৫.২০২২ থেকে ২৬.০৫.২০২২ তারিখ পর্যন্ত)। **কাটোয়া-ব্যাণ্ডেল লোকাল ঃ** ৩৭৭৪৪ ও ৩৭৭৪৬ (১৩.০৫.২০২২ থেকে ২৬.০৫.২০২২ তারিখ পর্যন্ত)। **নৈহাটি-ব্যাণ্ডেল লোকাল ঃ** ৩৭৫৩৩, ৩৭৫৩৫, ৩৭৫৩৭ ও ৩৭৫৩৯ (১৮.০৫, ২১.০৫, ২৩.০৫ ও ২৬.০৫.২০২২ তারিখে)। **ব্যাণ্ডেল-নৈহাটি লোকাল ঃ** ৩৭৫৩৪, ৩৭৫৩৬, ৩৭৫৩৮ ও ৩৭৫৪০ (১৮.০৫, ২১.০৫, ২৩.০৫ ও ২৬.০৫.২০২২ তারিখে)। **শিয়ালদহ-বর্ধমান লোকাল ঃ** ৩১১৫১ (১৩.০৫.২০২২ থেকে ২৬.০৫.২০২২ তারিখ পর্যন্ত)। **বর্ধমান-শিয়ালদহ লোকাল ঃ** ৩১১৫২ (১৩.০৫.২০২২ থেকে ২৬.০৫.২০২২ তারিখ পর্যন্ত)। ● **খ. মেল/এক্সপ্রেস ট্রেন বাতিল ঃ** নিম্নলিখিত ট্রেনগুলি যাত্রা শুরুর স্ব-স্ব স্টেশন থেকে বাতিল থাকবে ঃ (১) **১৩০১৫ আপ** হাওড়া-জামালপুর কবিগুরু এক্সপ্রেস (যাত্রা শুরুর তারিখ ১২.০৫.২০২২ থেকে ২৬.০৫.২০২২ পর্যন্ত) এবং **১৩০১৬ ডাউন** জামালপুর-হাওড়া কবিগুরু এক্সপ্রেস (যাত্রা শুরুর তারিখ ১৩.০৫.২০২২ থেকে ২৭.০৫.২০২২ পর্যন্ত)। (২) **১৯৬০৮ ডাউন** মাদার-কলকাতা এক্সপ্রেস (যাত্রা শুরুর তারিখ ১৬.০৫.২০২২, ২৩.০৫.২০২২) ও **১৯৬০৭ আপ** কলকাতা-মাদার এক্সপ্রেস (যাত্রা শুরুর তারিখ ১৯.০৫.২০২২, ২৬.০৫.২০২২)। (৩) **১৩১৩৭ আপ** কলকাতা-আজমগড় এক্সপ্রেস (যাত্রা শুরুর তারিখ ১৬.০৫.২০২২, ২৩.০৫.২০২২) ও **১৩১৩৮ ডাউন** আজমগড়-কলকাতা এক্সপ্রেস (যাত্রা শুরুর তারিখ ১৭.০৫.২০২২, ২৪.০৫.২০২২)। (৪) **১৩০২৭ আপ** হাওড়া-আজিমগঞ্জ কবিগুরু এক্সপ্রেস (যাত্রা শুরুর তারিখ ১২.০৫.২০২২ থেকে ২৬.০৫.২০২২) ও **১৩০২৮ ডাউন** আজিমগঞ্জ-হাওড়া কবিগুরু এক্সপ্রেস (যাত্রা শুরুর তারিখ ১৩.০৫.২০২২ থেকে ২৭.০৫.২০২২)। (৫) **১৩৪৬৬ ডাউন** মালদা টাউন-হাওড়া ইন্টারসিটি এক্সপ্রেস (যাত্রা শুরুর তারিখ ১৩.০৫.২০২২ থেকে ২৬.০৫.২০২২) ও **১৩৪৬৫ আপ** হাওড়া-মালদা টাউন ইন্টারসিটি এক্সপ্রেস (যাত্রা শুরুর তারিখ ১৩.০৫.২০২২ থেকে ২৬.০৫.২০২২)। (৬) **১৩০৩১ আপ** হাওড়া-জয়নগর এক্সপ্রেস (যাত্রা শুরুর তারিখ ১৩.০৫.২০২২ থেকে ২৬.০৫.২০২২) ও **১৩০৩২ ডাউন** জয়নগর-হাওড়া এক্সপ্রেস (যাত্রা শুরুর তারিখ ১৪.০৫.২০২২ থেকে ২৭.০৫.২০২২)। **গ. মেল/এক্সপ্রেস-এর যাত্রাপথ পরিবর্তন ঃ** নিম্নলিখিত মেল/এক্সপ্রেস ট্রেনগুলি বর্ধমান থেকে ডানকুনি হয়ে পরিবর্তিত পথে চলবে এবং কামারকুন্ডুতে থামবে– (১) **১৩০২০ ডাউন** কাঠগোদাম-হাওড়া বাগ এক্সপ্রেস (যেটি ১৩.০৫.২০২২ থেকে ২৬.০৫.২০২২ তারিখ পর্যন্ত বর্ধমান পৌঁছাবে)। (২) **১৩০৪৪ ডাউন** রক্সৌল-হাওড়া এক্সপ্রেস (যেটি ১৩.০৫, ১৫.০৫, ২০.০৫ ও ২২.০৫.২০২২ তারিখে বর্ধমান পৌঁছাবে)। (৩) **১৩১৬৬ ডাউন** সীতামারী-কলকাতা সাপ্তাহিক এক্সপ্রেস (যেটি ১৬.০৫.২০২২ ও ২৩.০৫.২০২২ তারিখে বর্ধমান পৌঁছাবে)। **ঘ. নিয়ন্ত্রণ ঃ** (১) **১৩১০৫ আপ** শিয়ালদহ-বালিয়া এক্সপ্রেস ১৩.০৫.২০২২ থেকে ২৬.০৫.২০২২ তারিখ পর্যন্ত যাত্রাপথে নৈহাটি পর্যন্ত ৪০ মিনিটের জন্য নিয়ন্ত্রিত হবে। (২) **১৩১৪১ আপ** তিস্তা-তোর্সা এক্সপ্রেস ১৩.০৫.২০২২ থেকে ২৬.০৫.২০২২ তারিখ পর্যন্ত যাত্রাপথে নৈহাটি পর্যন্ত ২০ মিনিটের জন্য নিয়ন্ত্রিত হবে। (৩) **২২৩২২ ডাউন** সিউড়ি-হাওড়া হুল এক্সপ্রেস ২৫.০৫.২০২২ তারিখে যাত্রাপথে মগরা পর্যন্ত ১০ মিনিটের জন্য নিয়ন্ত্রিত হবে। **ঙ. এমইএমইউ লোকালের যাত্রাপথ পরিবর্তন ঃ** (১) **০৩১১১** শিয়ালদহ-রামপুরহাট মেমু প্যাসেঞ্জার (যাত্রা শুরুর তারিখ ১৩.০৫.২০২২ থেকে ২৬.০৫.২০২২) দমদম জংশন থেকে ডানকুনি-বর্ধমান হয়ে পরিবর্তিত পথে চলবে এবং যাত্রাপথে ডানকুনি ও কামারকুণ্ডুতে থামবে। (২) **০৩১১২** রামপুরহাট-শিয়ালদহ মেমু প্যাসেঞ্জার (যাত্রা শুরুর তারিখ ২৫.০৫.২০২২) বর্ধমান থেকে ডানকুনি হয়ে পরিবর্তিত পথে চলবে এবং যাত্রাপথে কামারকুণ্ডুতে থামবে। **চ. ইএমইউ লোকালের পুনর্নির্ধারণ ঃ** (১) **৩৭৮৩৮** ২৫.০৫.২০২২ তারিখ ব্যতীত ১৩.০৫.২০২২ থেকে ২৬.০৫.২০২২ তারিখ পর্যন্ত নির্ধারিত ছাড়ার সময় দুপুর ১.৪০ মিনিটের পরিবর্তে দুপুর ২টায় বর্ধমান থেকে ছাড়বে। (২) **৩৭৭৪৮** ১৩.০৫.২০২২ থেকে ২৬.০৫.২০২২ তারিখ পর্যন্ত নির্ধারিত ছাড়ার সময় দুপুর ১টার পরিবর্তে দুপুর ১.১৫ মিনিটে কাটোয়া থেকে ছাড়বে। **ছ. শাটল ইএমইউ লোকাল ঃ** হাওড়া-চুঁচুড়া-হাওড়া (১৩.০৫.২০২২ থেকে ২৬.০৫.২০২২ তারিখ পর্যন্ত) -

| ট্রেন নং | হাওড়া (ছাড়বে) | চুঁচুড়া (পৌঁছাবে) | ট্রেন নং | চুঁচুড়া (ছাড়বে) | হাওড়া (পৌঁছাবে) |
|---|---|---|---|---|---|
| আপ স্পেশাল ১ | ১০.১৫ | ১১.০১ | ডাউন স্পেশাল ২ | ১১.২৮ | ১২.২৫ |
| আপ স্পেশাল ৩ | ১০.৪৫ | ১১.৩২ | ডাউন স্পেশাল ৪ | ১১.৫০ | ১২.৪৫ |
| আপ স্পেশাল ৫ | ১১.১৫ | ১২.০৬ | ডাউন স্পেশাল ৬ | ১২.২১ | ১৩.২০ |
| আপ স্পেশাল ৭ | ১২.২০ | ১৩.০৭ | ডাউন স্পেশাল ৮ | ১৩.২১ | ১৪.২০ |
| আপ স্পেশাল ৯ | ১৩.১৫ | ১৪.০১ | ডাউন স্পেশাল ১০ | ১৪.২০ | ১৫.১৬ |

(খ) বর্ধমান-মগরা-বর্ধমান (১৩.০৫.২০২২ থেকে ২৬.০৫.২০২২ পর্যন্ত) ঃ

| ট্রেন নং | বর্ধমান (ছাড়বে) | মগরা (পৌঁছাবে) | ট্রেন নং | মগরা (ছাড়বে) | বর্ধমান (পৌঁছাবে) |
|---|---|---|---|---|---|
| ডাউন স্পেশাল ২ | ০৯.৫৭ | ১১.১২ | আপ স্পেশাল ১ | ১১.৫৪ | ১৩.০৩ |
| ডাউন স্পেশাল ৪ | ১১.২২ | ১২.২১ | আপ স্পেশাল ৩ | ১২.৩৩ | ১৩.৫০ |
| ডাউন স্পেশাল ৬ | ১২.২৫ | ১৩.২৬ | আপ স্পেশাল ৫ | ১৩.৪০ | ১৪.৫০ |

(গ) বর্ধমান-মগরা-বর্ধমান (২৫.০৫.২০২২ তারিখে অতিরিক্ত শাটল) ঃ

| ট্রেন নং | বর্ধমান (ছাড়বে) | মগরা (পৌঁছাবে) | ট্রেন নং | মগরা (ছাড়বে) | বর্ধমান (পৌঁছাবে) |
|---|---|---|---|---|---|
| ডাউন স্পেশাল ২ | ১৪.৪০ | ১৫.৪০ | আপ স্পেশাল ১ | ১৬.১০ | ১৭.১০ |

(ঘ) কাটোয়া-ত্রিবেণী-কাটোয়া (১৩.০৫.২০২২ থেকে ২৬.০৫.২০২২ পর্যন্ত) ঃ

| ট্রেন নং | কাটোয়া (ছাড়বে) | ত্রিবেণী (পৌঁছাবে) | ট্রেন নং | ত্রিবেণী (ছাড়বে) | কাটোয়া (পৌঁছাবে) |
|---|---|---|---|---|---|
| ডাউন স্পেশাল ২ | ০৮.৪৫ | ১০.৩২ | আপ স্পেশাল ১ | ১১.১১ | ১৩.১৫ |
| ডাউন স্পেশাল ৪ | ১০.২০ | ১২.২৫ | আপ স্পেশাল ৩ | ১৩.২৪ | ১৫.৩০ |
| ডাউন স্পেশাল ৬ | ১১.৩০ | ১৩.৩০ | আপ স্পেশাল ৫ | ১৪.৫০ | ১৭.১০ |

**দ্রষ্টব্য ঃ** ব্লক চলাকালীন স্পেশাল ট্রেন/বিলম্বে চলা ট্রেন, যদি থাকে, প্রয়োজন অনুযায়ী নিয়ন্ত্রিত বা যাত্রাপথ পরিবর্তিত হবে। যাত্রীসাধারণকে স্টেশনের পাবলিক অ্যাড্রেস সিস্টেমে মনোযোগ দিতে অনুরোধ করা হচ্ছে। অসুবিধার জন্য দুঃখিত।

**ডিভিসনাল রেলওয়ে ম্যানেজার, হাওড়া**

**পূর্ব রেলওয়ে**

আমাদের অনুসরণ করুন ঃ @EasternRailway Eastern Railway Headquarter

## এক ঝলক

### স্কুল ছুটি নিয়ে হলফনামা তলব

■ **স্টাফ রিপোর্টার** : স্কুলে গরমের ছুটি নিয়ে রাজ্যে মূল বিজ্ঞপ্তির ব্যাখ্যা তলব করল কলকাতা হাই কোর্ট। আগামী ১৯ মে মামলার পরবর্তী শুনানিতে হলফনামা আকারে এই বক্তব্য পেশ করতে হবে হাই কোর্টের প্রধান বিচারপতি প্রকাশ শ্রীবাস্তব ও বিচারপতি রাজর্ষি ভরদ্বাজের ডিভিশন বেঞ্চে। ৪৫ দিন গ্রীষ্মকালীন ছুটি দেওয়ার বিরোধিতা করে গত সপ্তাহে বঙ্গীয় প্রাথমিক শিক্ষক সমিতির তরফে একটি জনস্বার্থ মামলা দায়ের হয় কলকাতা হাই কোর্টে। মামলা করেন আনন্দ হাণ্ডা। মামলাকারীর যুক্তি, করোনার জেরে দীর্ঘ দু'বছর স্কুল বন্ধ ছিল। আবারও দেড় মাস স্কুল বন্ধ। বিবেচনা না করেই স্কুল ছুটি দেওয়া হয়েছে বলে অভিযোগ এনে মামলাকারীর বক্তব্য, আবহাওয়া বদলে গিয়েছে। তাহলে এতদিন স্কুল ছুটির এখন অর্থ কী ? ওড়িশা সরকার গরমের ছুটি কমিয়ে স্কুল চালু করার সিদ্ধান্ত নিয়েছে। কিন্তু পশ্চিমবঙ্গ সরকার এ ব্যাপারে একেবারেই উদাসীন। আদালতে আইনজীবীদের দাবি, শিক্ষার কঙ্কালসার চেহারা লুকানোর জন্য সরকারের এই প্রচেষ্টা। এমনকী এর জন্য মিড-ডে মিল পর্যন্ত বন্ধ।

### সৈকতে পড়ে গেলেন মদন

■ **স্টাফ রিপোর্টার, কাঁথি** : দিঘায় কংক্রিট বাঁধানো সৈকতে বেড়াচ্ছিলেন। সেখানেই আছাড়। পড়ে গিয়ে কোনওক্রমে সামলালেন মদন মিত্র। হাত ধরা ছিল নাতি মহারূপের। সেও হুমড়ি খেয়ে পড়ে। কামারহাটির বিধায়ক মদন মিত্রর এই ভিডিও মঙ্গলবার সকাল থেকে ভাইরাল। এতদিন ভাইরাল হয়েছে মদনের গান গাওয়া বা নাচের নানা ভিডিও। তবে এবার একেবারে অন্য পরিস্থিতি। ভিডিওতে দেখা যায়, পড়ে যাওয়ার সঙ্গে সঙ্গেই মদনকে টেনে তুলছেন সঙ্গীরা। ভিডিওটি অবশ্য মদনের সোশ্যাল মিডিয়ার কোনও প্রোফাইলে দেওয়া হয়নি। সূত্রে জানা গিয়েছে, সোমবার চণ্ডীপুরে একটি অনুষ্ঠানে যোগ দিতে এসেছিলেন মদন মিত্র। সেখান থেকে কিছু সময়ের জন্য দিঘা বেড়াতে যান মদন। সেখানেই সৈকতে বেড়ানোর স্থিরচিত্র সামনে আসে মদনের প্রোফাইল থেকে। তাই মনে করা হচ্ছে, সোমবার সেই সৈকতেই বিপত্তি ঘটে মদনের। আঘাত তেমন গুরুতর নয় বলেই জানা গিয়েছে।

### প্রশ্ন অনুব্রতর লালবাতি নিয়ে

■ **স্টাফ রিপোর্টার** : বীরভূমের জেলা সভাপতি অনুব্রত মণ্ডলের গাড়িতে লালবাতির ব্যবহার নিয়ে রাজ্যের কাছে হলফনামা তলব করল কলকাতা হাই কোর্ট। আগামী চার সপ্তাহে এনিয়ে রাজ্যকে হলফনামা পেশের নির্দেশ দিয়েছে হাই কোর্টের প্রধান বিচারপতি প্রকাশ শ্রীবাস্তব ও বিচারপতি রাজর্ষি ভরদ্বাজের ডিভিশন বেঞ্চ। তার দু' সপ্তাহ পরে পাল্টা জবাবি হলফনামা দেবে মামলাকারী। আগামী ১৯ জুলাই এই মামলার পরবর্তী শুনানি। এই মামলায় অনুব্রত মণ্ডলকে পক্ষভুক্ত করারও নির্দেশ দিয়েছে আদালত। যেখানে মন্ত্রী, বিধায়ক, সাংসদরা গাড়িতে লালবাতি ব্যবহারের অনুমতি পান না সেখানে একজন জেলা সভাপতি হয়ে অনুব্রত মণ্ডল কীভাবে লালবাতি লাগানো গাড়ি চড়েন ? এই প্রশ্ন তুলে, গত সপ্তাহে জনস্বার্থ মামলা দায়ের করেন বিজেপি আইনজীবী সেলের যুগ্ম আহ্বায়ক তরুণজ্যোতি তিওয়ারি। পুলিশের ভূমিকায় প্রশ্ন তুলেছেন আইনজীবী।

উদ্বোধন হবে দলের রাজ্য দফতরের

# উত্তর-পূর্বে শক্তি বাড়ানোই লক্ষ্য, আজ অসমে অভিষেক

**স্টাফ রিপোর্টার** : একদিনের সফরে আজ অসম যাচ্ছেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। গুয়াহাটিতে তাঁর প্রধান কর্মসূচি। সেখানে দলের রাজ্য দফতরের উদ্বোধন করবেন। দুপুরে পৌঁছে তার আগে পুজো দেবেন কামাক্ষ্যা মন্দিরে। তার পর দলীয় নেতৃত্বের সঙ্গে বৈঠক। শেষে দলীয় কার্যালয় উদ্বোধন।

গোয়ার সঙ্গে সঙ্গেই উত্তর-পূর্ব ভারতে নিজেদের শক্তি বাড়ানোর কাজ শুরু করেছে তৃণমূল। নেতৃত্বে দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। তার মধ্যেই অসম প্রদেশ কংগ্রেসের প্রাক্তন সভাপতি রিপুন বোরার তৃণমূলে যোগদান। তাঁর হাত ধরেই একের পর এক যোগদান চলছে। এই পরিস্থিতিতে আজ অসমে যাচ্ছেন অভিষেক। রিপুন ছাড়াও সেখানে থাকবেন সাংসদ সুস্মিতা দেব।



বাংলার মতো অসমেও আগামী বছর পঞ্চায়েত ভোট। চব্বিশের ভোটের আগে এই ভোটের মধ্য দিয়েই মজবুত সংগঠনকে সামনে রেখে নির্বাচনী ময়দানে নামার সুযোগ রয়েছে তৃণমূলের সামনে। চব্বিশের লোকসভা ভোটেও তারা প্রার্থী দেবে বলে জানিয়েছে। সেখানে রিপুন আর সুস্মিতার সংগঠন পরিচালনার ক্ষমতাকে সামনে রেখেই এগনো হবে। এনআরসি ইসুতে প্রথমেই অসম উত্তপ্ত হয়ে ওঠে। দলের প্রতিনিধিদের পাঠিয়েছিলেন মমতা বন্দ্যোপাধ্যায়। ফলে নতুন করে লড়াইয়ে নেমে এই রাজ্যেও যে নিজেদের সংগঠন মজবুত করার কাজ করবে সেটাই স্বাভাবিক। তৃণমূলের বক্তব্য, অসমে দলের সংগঠন বিস্তারের কাজ মেঘালয়ের পাশাপাশি হলে তার প্রভাব পরস্পরের উপর পড়বেই। অন্যদিকে, মুকুল সাংমার নেতৃত্বে মেঘালয়ের নেতারা মঙ্গলবার কলকাতায় আসেন অভিষেকের সঙ্গে বৈঠক করতে। ফলে অসম সফরের আগে এই বৈঠকও গুরুত্বপূর্ণ।

কাঁথি : সুপ্রিম কোর্টের মন্তব্যকে স্বাগত তৃণমূলের

# 'নাকগলানো' নিয়ে পর্যবেক্ষণে ভিন্নমত

**স্টাফ রিপোর্টার** : কাঁথি পুরভোটের মামলায় কলকাতা হাই কোর্টের রায়ে স্থগিতাদেশ দিয়ে সুপ্রিম কোর্টের পর্যবেক্ষণ, সব কিছুতে আদালতের নাক গলানো উচিত নয়। যে পর্যবেক্ষণকে স্বাগত জানাল রাজ্যের শাসকদল। প্রাক্তন বিচারপতিদের অনেকেই যদিও দ্বিধাবিভক্ত।

সুপ্রিম কোর্ট যে পর্যবেক্ষণ দিয়েছে তা নিয়ে তৃণমূলের বক্তব্য, এটি বাস্তবসম্মত মত। রাজ্যের আইনমন্ত্রী মলয় ঘটকের বক্তব্য, "ঠিকই তো। হাই কোর্ট তো এভাবে নাক গলাতে পারে না। কথায় কথায় এভাবে নির্বাচন কমিশনকে নির্দেশ দিয়ে এটা আনাও সেটা আনাও– এটা হাই কোর্ট করতে পারে না। সুপ্রিম কোর্ট খুব ভাল পর্যবেক্ষণ দিয়েছে।" তাঁর কথায়, "এভাবে জনস্বার্থ মামলায় কোনও নির্দেশ তো জারি করা যায় না। হাই কোর্টে আমাদের যে আবেদন ছিল তাতে বারবার হাই কোর্টকে বলতে চেয়েছিলাম যে, নির্বাচনকে চ্যালেঞ্জ করা যায় নির্বাচন সংক্রান্ত মামলার মধ্য দিয়েই।" মলয়বাবু এ-ও জানিয়েছেন যে, জয়ী কোনও বিধায়ককে চ্যালেঞ্জ করতে গেলে এই পদ্ধতিতেই এগোতে হয়। তাঁর কথায়, "এগুলি সব দেওয়ানি মামলা। এছাড়া আর কোনও মামলা হতে পারে না।"

এই প্রসঙ্গে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের চ্যালেঞ্জ করা নন্দীগ্রাম মামলার উল্লেখ করেন পেশায় আইনজীবী মন্ত্রী মলয় ঘটক। জানা যাচ্ছে, রাজ্যের শাসক ও বিরোধীদলের ৩০ জন বিধায়কের বিরুদ্ধে এমন মামলা রয়েছে। তালিকায় রয়েছে তাপস বন্দ্যোপাধ্যায়, নরেন চক্রবর্তী, রাজ চক্রবর্তীদের মতো নামও। সব মামলাই বিচারাধীন।

এই প্রসঙ্গে সরাসরি মুখ খুলতে না চাইলেও অবসরপ্রাপ্ত বিচারপতিরা সুপ্রিম কোর্টের এই পর্যবেক্ষণ নিয়ে আবার দ্বিধাবিভক্ত। কারও মতে, সুপ্রিম কোর্ট যা বলে তা-ই তো আইন। তাই এক্ষেত্রে মন্তব্য করা অনধিকারচর্চা। তাৎপর্যপূর্ণ বক্তব্য আরও একটি পক্ষের। অবসরপ্রাপ্ত বিচারপতিদের একটি অংশের মনে হয়েছে, যদি কোনও বিচারপ্রার্থী বিচারের আশায় আদালতের দ্বারস্থ হন, তবে তো আদালত নাক গলাবেই। বিষয়টি নিয়ে রাজ্যের প্রাক্তন অ্যাডভোকেট জেনারেল জয়ন্ত মিত্র অবশ্য কোনও মন্তব্য করতে চাননি। বলেছেন, "আমি অর্ডার কপি দেখিনি। মামলাতেও ছিলাম না। পুরো বিষয়টা না জেনে মন্তব্য করব না।"

অন্যদিকে, আইনজীবী তথা কংগ্রেস নেতা অরুণাভ ঘোষের বক্তব্য, নির্বাচন পিটিশন দাখিল করে কোনও মামলার নিষ্পত্তি হয় না। তাঁর কথায়, "সুপ্রিম কোর্টের বিচারে গত সাত বছরে একটাও নির্বাচনী পিটিশন নিষ্পত্তি হয়নি। বিরোধীরা অধিকাংশ জায়গায় প্রার্থী দিতে পারেনি। মামলা শেষ পর্যন্ত সুপ্রিম কোর্টে যায়। আজও সেই মামলার নিষ্পত্তি হয়নি।" একইসঙ্গে বলছেন, "এর সঙ্গে তো অবশ্যই সাধারণ মানুষের স্বার্থের সম্পর্ক রয়েছে। যেখানে সংবিধানের স্বার্থ রয়েছে।" এ নিয়ে সুপ্রিম কোর্টের বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়কে চিঠিও দিচ্ছেন তিনি। মুখবন্ধ খামে রিপোর্ট দেওয়ার প্রসঙ্গে তাঁর বক্তব্য, এই নিয়ম সুপ্রিম কোর্টই চালু করেছিল।

সিপিএম সাংসদ তথা আরেক আইনজীবী বিকাশ ভট্টাচার্য তৃণমূলের বিরুদ্ধে সুর চড়িয়েছেন। বলেছেন, "পশ্চিমবঙ্গে যেভাবে নির্বাচন হয়, তাতে নির্বাচন পিটিশন আনা সম্ভব নয়। নির্বাচন পিটিশন সেখানেই হয়, যেখানে আইনশৃঙ্খলার অবনতি হয়েছে। কিন্তু ভোট হয়েছে। এখানে আইন শৃঙ্খলার অবনতি তো দূরের কথা, ভোট করতেই দেওয়া হয় না।" সুপ্রিম কোর্ট যে পর্যবেক্ষণই দিক বিজেপি তাদের অবস্থানে অনড়। রাজ্য নেতা শমীক ভট্টাচার্যর বক্তব্য, "আদালত তার পর্যবেক্ষণ দিয়েছে। কিন্তু মামলা খারিজ করেনি। আইনের পথেই যা করার আমরা করব।"

লড়াইয়ের পরামর্শ

# সম্মেলনে সঙ্গী 'ফেলুদা', খুশি যুব সিপিএম



ডিওয়াইএফআইয়ের সর্বভারতীয় সম্মেলন উপলক্ষে সাংবাদিক বৈঠকে সব্যসাচী চক্রবর্তী।

**স্টাফ রিপোর্টার**: রুপোলি পর্দায় ফেলুদা বা ফুটবলের ইশ্বর। দুই নায়কের নামে আজও শিহরিত হয় 'জেনারেশন ওয়াই'। সংগঠনে তাঁদের যুক্ত করাই মূল লক্ষ্য সিপিএমের যুবদের। সেই লক্ষ্যে আগেই যে শহরে সর্বভারতীয় সম্মেলন হবে তার নাম দেওয়া হয়েছিল মারাদোনার নামে। এবার সম্মেলনের যুক্ত হলেন আজকের ফেলুদা সব্যসাচী চক্রবর্তী। অভ্যর্থনা কমিটির সভাপতি হলেন তিনি। যুক্ত হয়েই যুব কমরেডদের তাঁর পরামর্শ, পার্টি ক্ষমতায় নেই। শূন্য থেকে শুরু করতে হবে। ১২ থেকে ১৬ মে সল্টলেকের পূর্বাঞ্চলীয় সংস্কৃতি কেন্দ্রে হবে সিপিএমের যুব সংগঠন ডিওয়াইএফআইয়ের সর্বভারতীয় সম্মেলন। বিভিন্ন রাজ্য থেকে আসবেন যুব প্রতিনিধিরা। সম্মলনকে কেন্দ্র করে প্রতিদিনই হচ্ছে বিভিন্ন কর্মসূচি। হয়েছে ম্যারাথন, ফুটবল প্রতিযোগিতা। সাইকেল ও বাইক মিছিল, বিতর্ক, কুইজ। সাধারণত বামেদের যে কোনও সম্মেলনের জন্য যে অভ্যর্থনা কমিটি গঠন করা হয় তার দায়িত্বে থাকেন হেভিওয়েট কোনও নেতা। যেমন সম্প্রতি কেরলের কান্নুরে সিপিএমের পার্টি কংগ্রেসের অভ্যর্থনা কমিটির সভাপতি হন রাজ্যের মুখ্যমন্ত্রী পিনারাই বিজয়ন। কিন্তু প্রথা ভাঙল যুবরা। সম্মেলনের অভ্যর্থনা কমিটির সভাপতি করলেন অভিনেতা সব্যসাচী চক্রবর্তীকে। এছাড়াও সম্মলনের সঙ্গে যুক্ত করা হয়েছে পরিচালক কমলেশ্বর মুখোপাধ্যায়, অভিনেতা বাদশা মৈত্রদের। সোমবার সম্মেলন নিয়ে প্রথম মুখ খোলেন সব্যসাচী চক্রবর্তী। তিনি জানান, দেশে বামপন্থী এখন সংকটে। দক্ষিণ ভারতে বামপন্থী অস্তিত্ব থাকলেও বাংলায় বিপদ বাড়ছে। সংঘ পরিবার, বিজেপি ও তৃণমূলের বিরুদ্ধে লড়াইয়ে আরও বেশি ছাত্র যুবকে একত্রিত করার পরামর্শ দেন তিনি।

# ফের শুরু কলেজ অধ্যক্ষ নিয়োগ

**স্টাফ রিপোর্টার** : শূন্য কলেজ অধ্যক্ষ পদে ফের নিয়োগ প্রক্রিয়া শুরু করল কলেজ সার্ভিস কমিশন। মঙ্গলবার থেকে আবেদনপত্র নেওয়া শুরু হয়েছে। ১০ জুন পর্যন্ত আবেদন করা যাবে। গতবছর এই প্রক্রিয়া শুরু হয়। ১১১টি কলেজের শূন্য অধ্যক্ষ পদে নিয়োগ প্রক্রিয়া শুরু হয়েছিল। আবেদন জমা পড়েছিল ১৫০ টি। ৮৮ জনকে নিয়োগের যোগ্য প্রার্থী হিসাবে বেছে নেওয়া হয়। কলেজে অধ্যক্ষ পদে নিয়োগ প্রক্রিয়ায় ৮০ জনের প্যানেল তৈরি করে কমিশন। অধ্যক্ষহীন থেকে যায় ৩১টি ডিগ্রি কলেজ। ফের অধ্যক্ষ নিয়োগ প্রক্রিয়া শুরু করেছে কমিশন। গত ছয় বছরে ৩২৫ জন অধ্যক্ষকে নিয়োগ করেছে কলেজ সার্ভিস কমিশন। এখন কলেজ-বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের অবসরের বয়স ৬৫ বছর। আগে যা ছিল ৬০। মুখ্যমন্ত্রী দুই ধাপে অবসরের সময়সীমা বাড়িয়েছেন। কমিশন জানিয়েছে, কোনও কলেজ অধ্যক্ষহীন থাকবে না।

কাশীপুর কাণ্ডে দলকে বিপথে চালিত করেছেন ভুঁইফোঁড় কিছু নেতা

# বঙ্গ বিজেপির উপর বেজায় ক্ষুব্ধ শাহ



কৃষ্ণকুমার দাস

কাশীপুরের যুবকের ময়নাতদন্ত রিপোর্ট আদালতে জমা পড়তেই বঙ্গ-বিজেপির নেতাদের উপর বেদম চটেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। বিশেষ করে গত শুক্রবার যাঁদের কথা শুনে তিনি কাশীপুরে গিয়ে 'যুবককে খুন করা হয়েছে' বলে দাবি করেছিলেন সেই নেতাদের উপর ভয়ানক ক্ষুব্ধ হয়েছেন শাহ। শুধু তাই নয়, আসার পরদিন সেন্ট্রাল ইন্টেলিজেন্সি মারফত একটি ছবি পেয়েছিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী। ওই ছবি হাজির করে স্থানীয় বিধায়ক অতীন ঘোষ দাবি করেছিলেন, গত ডিসেম্বরে পুরভোটে তৃণমূলপ্রার্থীর প্রচারে অংশ নিয়েছিলেন মৃত যুবক অর্জুন চৌরাসিয়া। স্বভাবতই কাশীপুরের যে যুবকের দেহ নিয়ে বিজেপি দফতরে গিয়ে রাজনৈতিক শহিদের মর্যাদা দেওয়া হল তাঁর পরিচয় নিয়েই বিভ্রান্তি ছিল শুরু থেকে। সেই বিষয়টিও আগে থেকেই শাহকে না জানানোয় তীব্র ক্ষোভ প্রকাশ করেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী। তৃণমূলের প্রচারের ছবির কথা আগে জানলে উত্তরবঙ্গ থেকে ফিরে কাশীপুরে শাহ যেতেন না বলে দাবি। তা হলে অন্তত কাশীপুর নিয়ে দলের কিছুটা মুখরক্ষা হত। কিন্তু কিছু ভুইফোঁড় নেতার বাংলার মাটিতে যোগাযোগ না থাকলেও অতি উৎসাহের জন্যই এমন সিদ্ধান্ত নেওয়ায় বাংলায় দল ডুবছে বলে ক্ষোভ শাহর। বঙ্গ-বিজেপির নেতাদের উদ্দেশে ভর্ৎসনা করে এমনও বলেছেন, এরা কেউ মাটির খবর রাখে না। ২০২১ সালে বিধানসভা ভোটে ভুয়া তথ্য দেওয়ায় 'ইসবার, দুশো পার' বলে মুখরক্ষা হয়নি। কাশীপুরে একটা মৃত্যু নিয়ে ভুল খবর দিয়ে আমায় ঘটনাস্থলে নিয়ে গিয়ে দলের সম্মান ও মর্যাদা আরও ডুবিয়ে দিল। কারণ, শাহকে সামনে রেখে বিজেপি দেশব্যাপী বাংলার আইনশৃঙ্খলা নিয়ে অপপ্রচারের যে ফানুস তৈরি করেছিল, তা এবার চুপসে গেল।

সেনা হাসপাতালের দুই বিশেষজ্ঞ ডাক্তারের হাতে ময়নাতদন্ত করিয়ে সেই রিপোর্ট জমা পড়ার পরই আত্মহত্যার তত্ত্ব প্রমাণ হয়ে গিয়েছে। কলকাতা সফরে আসা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে ঘটনাস্থলে নিয়ে গিয়ে 'রাজনৈতিক খুন' বলে বিবৃতি দেওয়ান রাজ্য বিজেপির কিছু নেতা। কিন্তু পরদিন দলেরই একাংশ রিপোর্ট দেয়, কাশীপুর নিয়ে ভিত্তিহীন প্রচার করায় বাঘের পিঠে উঠে পড়েছে বঙ্গ-বিজেপি। রাজধানী ফিরতেই কলকাতার নানা সংবাদপত্রের কাটিং পৌঁছে যায় শাহর টেবিলে। তখনই এমন তথ্য হাতে পেয়ে কিছুটা অস্বস্তিতে ছিলেন তিনি। এদিন ময়নাতদন্তের রিপোর্ট কোর্টে জমা পড়তেই দলের পাশাপাশি ভাবমূর্তি নষ্ট হল শাহের। গোষ্ঠীদ্বন্দ্বে দীর্ণ রাজ্য বিজেপির নেতারা এখন কাশীপুর কাণ্ডের দায় এড়াতে, মুখ বাঁচাতে একে অপরের উপর পাল্টা দোষারোপও শুরু করেছেন।

এসএসসি

### নিয়োগ দুর্নীতি মামলা, হলফনামা

**স্টাফ রিপোর্টার** : মামলার গ্রহণযোগ্যতার প্রশ্নে, ২০১৪ সালের এসএসসি নিয়োগ দুর্নীতি নিয়ে দায়ের হওয়া জনস্বার্থ মামলায় হলফনামা দেবে রাজ্য। একসপ্তাহের মধ্যে এনিয়ে রাজ্যকে হলফনামা পেশের নির্দেশ দিয়েছে হাই কোর্টের প্রধান বিচারপতি প্রকাশ শ্রীবাস্তব ও বিচারপতি রাজর্ষি ভরদ্বাজের ডিভিশন বেঞ্চ। একই সঙ্গে মামলার আবেদনের কপি থেকে ত্রুটি সরিয়ে ত্রুটিমুক্ত আবেদন করতে মামলাকারিকে নির্দেশ দিয়েছে আদালত। মামলার পরবর্তী শুনানি আগামী সোমবার। সম্প্রতি ২০১৪ সালের টেট দুর্নীতির অভিযোগে, সিবিআই এবং ইডি-র যৌথ তদন্তের আর্জি জানিয়ে জনস্বার্থ মামলা দায়ের করেন বিজেপির রাজ্য কমিটির সদস্য তাপস ঘোষ।

**THE WEST BENGAL COLLEGE SERVICE COMMISSION**

WBCSC

**Advt. No. 1/2022**

Applications are invited for the post of **Principals** in **State-aided General Degree Colleges of West Bengal.**

For details please visit websites: **www.wbcsc.org.in** OR **www.wbcsconline.in**

**Secretary-in-Charge**

**THE WEST BENGAL MADRASAH SERVICE COMMISSION**
Bikash Bhavan, (2nd floor) East Block Salt Lake, Kolkata – 700091
Tele- 033-23213615, Website: www.wbmsc.com, e-mail: wbmsc18@yahoo.com

**Important Notice**

**Notification No.: MSC/Notice – 01/2022** **Date: 10/05/2022**

This is to bring to the notice of all concerned that the Counselling of General Transfer of Teaching and Non-Teaching staff, except that of Group-D candidates, of the non-Govt. Aided Madrasahs of West Bengal will be held in Online Mode.

The details of E-Counselling will be uploaded in the Official Website of the Commission: www.wbmsc.com as per the following schedule: -

1 'Procedure for E-Counselling' of General Transfer will be uploaded on 11/05/2022 at 5:00 p.m.
2. Vacancy List for Transfer will be uploaded on 14/05/2022 at 5:00 p.m.
3. Online E-Counselling will commence from 15/05/2022 at 10:00 a.m.
4. Online E-Counselling will end on 25/05/2022 at 6:00 p.m.
5. Allotment List of Madrasahs to the candidates will be uploaded on 29/05/2022 at 5:00 p.m.
6. Allotted candidates will have to download the Letter for Verification of Documents from the website from 30/05/2022, 5:00 p.m. onwards
7. Physical verification of documents of allotted candidates and Transfer Recommendation of eligible candidates will commence from 06/06/2022 onwards
8. E-Counselling of General Transfer of 'Arts & Social Studies Group (Pass)' subject and 'Science Group (Pass)' subject will be held after the completion E-Counselling of Hons/PG subjects and individual Pass subjects
9. Counselling of Group-D candidates will be held in Offline Mode on 24/05/2022
10. Group-D candidates will have to download the Counselling Letter from the website of the Commission from 17/05/2022, 5:00 p.m. onwards

Sd/-
Secretary
West Bengal Madrasah Service Commission

# প্রধান শিক্ষকদের ইনক্রিমেন্ট

**স্টাফ রিপোর্টার** : স্কুলের শিক্ষক-শিক্ষিকাদের ইনক্রিমেন্ট আছে। কিন্তু বঞ্চিত ছিলেন প্রধান শিক্ষকরা। এবার তা চালু হচ্ছে। প্রতি দশ বছরে অন্তত একবার ইনক্রিমেন্ট (বেতন বৃদ্ধি) হবে স্কুলের প্রধান শিক্ষকদের। মঙ্গলবার স্কুলশিক্ষা দফতর সূত্রে এই খবর জানা গিয়েছে। অর্থ দফতর বিষয়টিতে মঞ্জুরি দিয়েছে। যা লাগু হবে চলতি বছরের ৩১ মার্চ থেকে। অ্যাডভান্সড সোসাইটি ফর হেডমাস্টার্স অ্যান্ড হেডমিস্ট্রেসেস-এর সম্পাদক চন্দন মাইতির প্রতিক্রিয়া, "সরকার পোষিত এবং সাহায্যপ্রাপ্ত স্কুল এবং মাদ্রাসার শিক্ষক-শিক্ষিকারা অতিরিক্ত একটি ইনক্রিমেন্ট পান। প্রধান শিক্ষকরা এই সুযোগ থেকে বঞ্চিত ছিলেন। আমাদের দাবি মেনে সরকারি নির্দেশিকা জারি করল। স্কুল এবং মাদ্রাসার প্রধান শিক্ষক-শিক্ষিকারাও এবার ইনক্রিমেন্ট পাবেন। আমরা সরকারকে অভিনন্দন জানাচ্ছি।"

# আগামীর পথ খুঁজছে লিবারেশন

**স্টাফ রিপোর্টার** : শীর্ষনেতার সঙ্গে 'নো ভোট টু বিজেপি' লাইন নিয়ে মন কষাকষির জন্য মাঝপথেই রাজ্য সম্পাদকের পদ ছাড়তে হয় পার্থ ঘোষকে। সম্পাদকের দায়িত্ব দেওয়া হয় প্রখ্যাত নকশাল নেতা চারু মজুমদারের ছেলে অভিজিৎ মজুমদারকে। প্রাক্তন সম্পাদকের লাইনের পর্যালোচনা করতে বসছে সিপিআইএমএল (লিবারেশন)। ১৩ থেকে ১৫ মে মৌলালি যুবকেন্দ্রে সংগঠনের রাজ্য সম্মেলনে বঙ্গ রাজনীতিতে আগামীদিনে পার্টির পথ নিয়ে আলোচনা হবে। বিধানসভা ভোটে 'নো ভোট টু বিজেপি' ডাক দিয়েছিল পার্টি। পার্টির সাধারণ সম্পাদক দীপঙ্কর ভট্টাচার্যর সম্মতিতেই এই ডাক দেওয়া হয়। এমনকী, তৃণমূলের সঙ্গে বামেদের জোটের পক্ষে সওয়াল করেন দীপঙ্কর ভট্টাচার্য। তা নিয়ে বাদানুবাদে জড়ান বামফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু ও দীপঙ্কর ভট্টাচার্য। বিরোধ এমন পর্যায়ে পৌঁছয় যে মেয়াদ শেষের আগেই রাজ্য সম্পদকের পদ ছাড়তে হয় পার্থ ঘোষকে। তাহলে বাংলার ক্ষেত্রে পার্টি কী অবস্থান বদল করবে নাকি পুরনো অবস্থানেই থাকবে। বিতর্কিত অবস্থান নিয়ে আলোচনা করতেই রাজ্য সম্মেলন বলে জানান কেন্দ্রীয় কমিটির সদস্য কার্তিক পাল।

মাননীয়া মুখ্যমন্ত্রী
মমতা বন্দ্যোপাধ্যায়- এর উদ্যোগে
মিনার্ভা নাট্যসংস্কৃতি চর্চাকেন্দ্র
তথ্য ও সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার আয়োজিত
মিনার্ভা রেপার্টরি থিয়েটারের নবতম প্রযোজনা
দ্বিজ ঈশান প্রণীত কমলা ( মৈমনসিংহ-গীতিকা ) অবলম্বনে
কমলা সুন্দরী
নাট্যরূপ, সঙ্গীত, মঞ্চ আলো ও নির্দেশনা
গৌতম হালদার
১৫ মে' ২২ (রবিবার), মিনার্ভা থিয়েটার, সন্ধ্যা ৬:৩০ মিঃ
টিকিট হলে ১টা থেকে ৭টা, যোগাযোগ - ৯৮৩০২১৭০২০
ICA-N209(2)/2022

**GOVERNMENT OF WEST BENGAL**
**Technical Education, Training and Skill Development Department**
**Karigari Bhawan, 3rd Floor, B/7, AA-III,**
**Rajarhat, New Town, Kolkata - 700 0160**

**TEXT OF ADVERTISEMENT FOR APPRENTICESHIP MELA-2022**

Department of Technical Education Training & Skill Development, Govt. of West Bengal, in association with RDSDE, West Bengal is going to organize Apprenticeship Mela-2022 at the 23 nos. of different venues in various districts within the State of West Bengal on 12th May, 2022 (12.05.2022) for ITI pass outs and fresher candidates. The details of the venues of the same are available at the link http://www.wbtetsd.gov.in/

Various renowned public and private sector organizations will participate in the said Mela to select the Apprentices. All eligible candidates are welcome to participate in the Apprenticeship Mela as per their convenient venues.

Sd/- Joint Secretary.
Government of West Bengal
ICA-N210(3)/2022

Manyavar Mohey

**VEDANT FASHIONS LIMITED**

(Formerly known as Vedant Fashions Private Limited)

**CIN: L51311WB2002PLC094677**

Regd. Office: Paridhan Garment Park, 19 Canal South Road, SDF-1, 4th Floor, A501-A502, Kolkata 700015, WB, India
Tel No.: (033) 6125 5495, Email: complianceofficer@manyavar.com, Website: www.vedantfashions.com

**Revenue** INR 10,408 Mn. +84.3%

**PAT** INR 3,149 Mn. +136.9%

**I. Statement of Audited Consolidated Financials Results for the quarter and financial year ended March 31, 2022**

(All amounts are in INR Million, unless otherwise stated)

| Particulars | Quarter ended | | Year ended | |
|---|---|---|---|---|
| | March 31, 2022 (Audited) | March 31, 2021 (Unaudited) | March 31, 2022 (Audited) | March 31, 2021 (Audited) |
| 1 Revenue from operations | 2,962.52 | 1,915.54 | 10,408.41 | 5,648.16 |
| 2 Total income from operations (including other income) | 3,073.55 | 2,008.20 | 10,907.67 | 6,250.19 |
| 3 Net profit/(loss) for the period/year (before tax, exceptional and/or extraordinary items) | 1,195.85 | 656.42 | 4,230.11 | 1,819.17 |
| 4 Net profit/(loss) for the period/year before tax (after exceptional and/or extraordinary items) | 1,195.85 | 656.42 | 4,230.11 | 1,819.17 |
| 5 Net profit/(loss) for the period/year after tax (after exceptional and/or extraordinary items) | 887.01 | 476.03 | 3,149.11 | 1,329.03 |
| 6 Total comprehensive income/(loss) for the period/year after tax | 885.25 | 477.45 | 3,146.14 | 1,329.69 |
| 7 Equity Share Capital | 242.70 | 247.87 | 242.70 | 247.87 |
| 8 Other Equity | – | – | 10,584.72 | 10,686.23 |
| 9 Earnings per equity share (EPS) (face value of share of INR 1 each)* | | | | |
| Basic (in INR per share) | 3.63 | 1.92 | 12.90 | 5.36 |
| Diluted (in INR per share) | 3.63 | 1.92 | 12.90 | 5.36 |
| * EPS is not annualised for the quarter ended March 31, 2022 & March 31, 2021 | | | | |

**II. Statement of Audited Standalone Financials Results for the quarter and financial year ended March 31, 2022**

(All amounts are in INR Million, unless otherwise stated)

| Particulars | Quarter ended | | Year ended | |
|---|---|---|---|---|
| | March 31, 2022 (Audited) | March 31, 2021 (Unaudited) | March 31, 2022 (Audited) | March 31, 2021 (Audited) |
| 1 Revenue from operations | 2,890.08 | 1,821.99 | 10,087.45 | 5,424.08 |
| 2 Total income from operations (including other income) | 2,998.78 | 1,904.58 | 10,572.87 | 5,999.70 |
| 3 Net profit/(loss) for the period/year (before tax, exceptional and/or extraordinary items) | 1,177.03 | 608.78 | 4,137.68 | 1,784.86 |
| 4 Net profit/(loss) for the period/year before tax (after exceptional and/or extraordinary items) | 1,177.03 | 608.78 | 4,137.68 | 1,784.86 |
| 5 Net profit/(loss) for the period/year after tax (after exceptional and/or extraordinary items) | 874.03 | 441.45 | 3,083.54 | 1,307.43 |
| 6 Total comprehensive income/(loss) for the period/year after tax | 872.22 | 442.74 | 3,080.57 | 1,307.87 |
| 7 Equity Share Capital | 242.70 | 247.87 | 242.70 | 247.87 |
| 8 Other Equity | – | – | 10,598.61 | 10,745.69 |
| 9 Earnings per equity share (EPS) (face value of share of INR 1 each)* | | | | |
| Basic (in INR per share) | 3.58 | 1.78 | 12.63 | 5.27 |
| Diluted (in INR per share) | 3.58 | 1.78 | 12.63 | 5.27 |
| * EPS is not annualised for the quarter ended March 31, 2022 & March 31, 2021 | | | | |

Notes
1 The above are extracts of the detailed format of Audited Financial Results (Consolidated and Standalone) for the quarter and year ended March 31, 2022 filed with Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, as amended. The full format of quarterly financial results are available on the Stock Exchange websites (www.bseindia.com and www.nseindia.com) and on the Company's website (www.vedantfashions.com).
2 The above Audited Financial Results have been reviewed by the Audit Committee and approved by the Board of Directors of the Company in their respective meetings held on May 09, 2022.
3 The Board of Directors of the Company, at its meeting held on May 09, 2022 recommended final dividend of INR 5 per equity share (par value of INR 1 each) in accordance with section 123 of the Companies Act, 2013 to the extent it applies to declaration of dividend. This payment is subject to approval of shareholders at the ensuing Annual General Meeting (AGM) of the Company.

For Vedant Fashions Limited
Sd/-
Ravi Modi
Chairman and Managing Director
DIN : 00361853

Place: Kolkata
Date: May 09, 2022

Join Telegram: @newskolkata